

নাটক-সিরাজউদ্দৌলা সৃজনশীল প্রশ্ন: (জ্ঞানমূলক)

প্রশ্ন-১। কোম্পানির ঘুষখোর ডাক্তার কে?

উ: কোম্পানির ঘুষখোর ডাক্তার হলো হলওয়েল।

প্রশ্ন-২। ঘসেটি বেগম নবাব সিরাজউদ্দৌলার কে ছিলেন?

উ: ঘসেটি বেগম নবাব সিরাজউদ্দৌলার খালা ছিলেন।

প্রশ্ন-৩। নবাব সিরাজউদ্দৌলা কাকে আলিনগরের দেওয়ান নিযুক্ত করেছিলেন?

উ: নবাব সিরাজউদ্দৌলা মানিকচাঁদকে আলিনগরের দেওয়ান নিযুক্ত করেছিলেন।

প্রশ্ন-৪। সিরাজউদ্দৌলার ঘাতকের/ হত্যাকারীর নাম কী?

উ: সিরাজউদ্দৌলার ঘাতকের নাম মোহাম্মদি বেগ।

প্রশ্ন-৫। সিরাজউদ্দৌলার সেনাপতির কে ছিল?

উ: সিরাজউদ্দৌলার সেনাপতি ছিল মিরজাফর আলি খান

প্রশ্ন-৬। রবার্ট ক্লাইভ কাকে সেরা বিশ্বাসঘাতক বলেছেন?

উ: রবার্ট ক্লাইভ উমিচাঁদকে সেরা বিশ্বাসঘাতক বলেছেন।

প্রশ্ন-৭। 'সিরাজউদ্দৌলা' নাটকে কয়টি অঙ্ক রয়েছে?

উ: 'সিরাজউদ্দৌলা' নাটকে চারটি অঙ্ক রয়েছে

প্রশ্ন-৮। সিরাজউদ্দৌলা শ্বশুরের নাম কী?

উ: সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম কী?

উ: নবাব সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম মুহম্মদ ইরিচ খাঁ।

প্রশ্ন-৯। পলাশির যুদ্ধ কত সালে সংঘটিত হয়?

উ: পলাশির যুদ্ধ ১৭৫৭ সালে সংঘটিত হয়।

প্রশ্ন-১০। কে আল্লাহর কালাম ছুঁয়ে ওয়াদা করেছিল?

উ: আল্লাহর কালাম ছুঁয়ে ওয়াদা করেছিল মিরজাফর।

প্রশ্ন-১১। মিরজাফর কে?

উ: মিরজাফর ছিলেন নবাব সিরাজউদ্দৌলার প্রধান সেনাপতি।

প্রশ্ন-১২। 'সিরাজউদ্দৌলা' নাটকের রচয়িতা কে?

উ: 'সিরাজউদ্দৌলা' নাটকের রচয়িতা সিকান্দার আবু জাফর।

প্রশ্ন-১২- সিরাজউদ্দৌলার মায়ের নাম কী?

উ: সিরাজউদ্দৌলার মায়ের নাম -আমিনা বেগম।

প্রশ্ন-১৩। সিরাজউদ্দৌলার পূর্ণ নাম কী?

উ: সিরাজউদ্দৌলার পূর্ণ নাম-মির্জা মুহাম্মদ সিরাজউদ্দৌলা।

প্রশ্ন-১৪। রাইসুর জুহালার প্রকৃত নাম কী?

উ: রাইসুল জুহালার প্রকৃত নাম নারাণ সিং।

নাটক- 'সিরাজউদ্দৌলা'-২য় অঙ্ক

প্রশ্ন-১। লবনের ইজারাদার কে?

উত্তর: লবনের ইজারাদার কুঠিয়াল ইংরেজ।

প্রশ্ন-২। মিরজাফর কী ছুঁয়ে প্রতিজ্ঞা করেছিল?

উত্তর: মিরজাফর পবিত্র কোরআন শরিফ ছুঁয়ে প্রতিজ্ঞা করেছিল।

প্রশ্ন-৩। কে অগ্নিগিরির মতো প্রচল্ড গর্জনে ফেটে পড়ার জন্য তৈরী হচ্ছে?

উত্তর: মিরজাফর অগ্নিগিরির মতো প্রচল্ড গর্জনে ফেটে পড়ার জন্য তৈরি হচ্ছে।।

প্রশ্ন-৪। জগৎশেঠের মতে, কার অদৃষ্টে বিপদ ঘনিয়ে এসেছে?

উত্তর: জগৎশেঠের মতে, নন্দকুমারের অদৃষ্টে বিপদ ঘনিয়ে এসেছে।

প্রশ্ন-৫। চুক্তি অনুসারে সিরাজউদ্দৌলার পতন হলে কোম্পানি কত টাকা পাবে?

উত্তর: চুক্তি অনুসারে সিরাজউদ্দৌলার পতন হলে কোম্পানি এককোটি টাকা পাবে।

প্রশ্ন-৬। কলকাতায় ওয়াটস এবং ক্লাইভ কীসের সন্ধি গোপন করেছে?

উত্তর: কলকাতায় ওয়াটস এবং ক্লাইভ আলিনগরের সন্ধি গোপন করেছে।

প্রশ্ন-৭। মানিকচাঁদ কত টাকা খেসারত দিয়ে মুক্তি পেয়েছিল?

উত্তর: মানিকচাঁদ দশ লক্ষ টাকা খেসারত দিয়ে মুক্তি পেয়েছিল।

প্রশ্ন-৮। কার গুপ্তচর মিরনের জীবনকে অসম্ভব করে তুলেছে?

উত্তর: মোহনলালের গুপ্তচর মিরনের জীবনকে অসম্ভব করে তুলেছে।

প্রশ্ন-৯। "আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে।"- উক্তিটি কার?

উত্তর: "আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে।"-উক্তিটি নবাব সিরাজউদ্দৌলার।

প্রশ্ন-১০। ফরাসি অধিকৃত চন্দননগর কোন জেলায় অবস্থিত?

উত্তর: ফরাসি অধিকৃত চন্দননগর হুগলী জেলায় অবস্থিত।

প্রশ্ন-১১। ক্ষুদ্র শক্তিধর কে?

উত্তর: রায়দুর্লভ ক্ষুদ্র শক্তিধর।

প্রশ্ন-১২। সিরাজের পতন হলে সিপাহসালার-এর পদ কার জন্য নির্দিষ্ট?

উত্তর: সিরাজের পতন হলে সিপাহসালার-এর পদ রায়দুর্লভের জন্য নির্দিষ্ট।

প্রশ্ন-১৩। 'কালকেউটে' বলা হয়েছে কাকে?

উত্তর: উমিচাঁদকে 'কালকেউটে' বলা হয়েছে।

প্রশ্ন-১৪। চুক্তি অনুযায়ী মিরজাফর মসনদে বসলেও রাজ্য চালাবে কে?

উত্তর: চুক্তি অনুযায়ী মিরজাফর মসনদে বসলেও রাজ্য চালাবে কোম্পানি।

প্রশ্ন-১৫। মিরন কে?

উত্তর: মিরন মিরজাফরের বড় ছেলে।

প্রশ্ন-১৬। 'আমি নাচে-গানে মশগুল থাকতেই ভালোবাসি।'- উক্তিটি কার?

উত্তর: 'আমি নাচে-গানে মশগুল থাকতেই ভালোবাসি।'- উক্তিটি মিরনের।

প্রশ্ন-১৭। ক্লাইভ "এ-যুগের সেরা বিশ্বাসঘাতক" বলেছে কাকে?

উত্তর: ক্লাইভ "এ-যুগের সেরা বিশ্বাসঘাতক" বলেছে-উমিচাঁদকে।

প্রশ্ন-১৮। ক্লাইভ দলিলে কাকে ঠকাবার ব্যবস্থা করেছে?

উত্তর: । ক্লাইভ দলিলে উমিচাঁদকে ঠকাবার ব্যবস্থা করেছে।

প্রশ্ন-১৯। ওয়াটসনের সহ জাল করে দিয়েছে কে?

উত্তর: ওয়াটসনের সহ জাল করে দিয়েছে লুসিংটন।

প্রশ্ন-২০। কোম্পানির প্রতিনিধি কোথা থেকে এসেছিল?

উত্তর: কোম্পানির প্রতিনিধি কাশিমবাজার থেকে এসেছিল।

প্রশ্ন-২১। নবাবের দরবার কোথায় অবস্থিত?

উত্তর: নবাবের দরবার মুর্শিদাবাদ।

প্রশ্ন-২২। 'রামজিকি কসম, ম্যায় কোরবান হুঁ নওয়াবকে লিয়ে'-কার প্রতিজ্ঞা?

উত্তর: 'রামজিকি কসম, ম্যায় কোরবান হুঁ নওয়াবকে লিয়ে'-উমিচাঁদের প্রতিজ্ঞা।

প্রশ্ন-২৩। মিরন মোহনলালকে নৃত্যগীতের অভিনয়ে বিভ্রান্ত করতে চান।

উত্তর: মিরন কাকে নৃত্যগীতের অভিনয়ে বিভ্রান্ত করতে চান?

প্রশ্ন-২৪। মূর্তিমান বেরসিক কে?

উত্তর: মোহনলাল মূর্তিমান বেরসিক।

